

## সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২৭৪

১৩/ যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৮. সাওয়াল করা নিষিদ্ধ হওয়া

# باب النَّهٰي عَنِ الْمَسْأَلَةِ

#### আরবী

حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّارِمِيُّ، وَسَلَمَةُ بْنُ شَبِيب، \_ قَالَ سَلَمَةُ حَدَّثَنَا وَقَالَ الدَّارِمِيُّ، أَخْبْرَنَا مَرْوَانُ، وَهُوَ ابْنُ مُحَمَّدِ الدّمَشْقِيُّ \_ حَدَّثَنَا سَعِيدٌ، \_ وَهُوَ ابْنُ عَبْدِ الْعَزِيزِ \_ عَنْ رَبِيعَةَ بْنِ يَزِيدَ، عَنْ أَبِي إِدْرِيسَ الْخَوْلاَنِيِّ، عَنْ أَبِي مُسْلِمِ الْخَوْلاَنِيِّ، قَالَ كَدَّتِنِي الْحَبِيبُ الْأَمْمِينُ، أَمَّا هُوَ فَحَبِيبٌ إِلَىَّ وَأَمَّا هُو عَنْدِي فَأَمِينٌ عَوْفُ بْنُ مَالِكِ حَدَّثَنِي الْحَبِيبُ الأَمْمِينُ، أَمَّا هُوَ فَحَبِيبٌ إِلَىَّ وَأَمَّا هُو عَنْدِي فَأَمِينٌ عَوْفُ بْنُ مَالِكِ اللَّهِ جَعِيُّ قَالَ كُنَّا عِنْدَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم تِسْعَةً أَوْ ثَمَانِيَةً أَوْ سَبْعَةً فَقَالَ " الله عليه وسلم تِسْعَةً أَوْ ثَمَانِيَةً أَوْ سَبْعَةً فَقَالَ " أَلاَ تُبَايِعُونَ رَسُولَ اللَّهِ " وَكُنَّا حَدِيثَ عَهْدِ بِبَيْعَةٍ فَقُلْنَا قَدْ بَايَعْنَاكَ يَا رَسُولَ اللَّهِ . ثُمَّ قَالَ " أَلا تُبَايِعُونَ رَسُولَ اللَّهِ " . فَقُلْنَا قَدْ بَايَعْنَاكَ يَا رَسُولَ اللَّهِ . ثُمَّ قَالَ " أَلا تُبَايِعُونَ رَسُولَ اللَّهِ ". قَالَ فَبُسَطْنَا أَيْدِينَا وَقُلْنَا قَدْ بَايَعْنَاكَ يَا رَسُولَ اللَّهِ فَعَلاَمَ نُبايعِكُ قَالَ " عَلَى أَنْ اللّهِ قَالَ اللّهِ قَالَ اللّهِ فَعَلاَمَ نُبايعِكُ قَالَ " عَلَى أَنْ اللّهِ فَعَلاَمَ نُبايعِكُ قَالَ " عَلَى أَنْ اللّهِ قَعَلاَمَ لُسُولَ اللّهِ فَعَلاَمَ نُبايعِكُ قَالَ " عَلَى أَنْ اللّهِ فَعَلاَمَ لَنْ اللّهَ وَلاَ تُشْرِكُوا اللّهَ وَلاَ تُشْرِكُوا اللّهَ وَلاَ تُشْرِكُوا اللّهَ وَلاَ تَسْرَعُوا لَا النَّهُ وَلاَ تُشْرِكُوا اللَّهُ وَلاَ تُشْرِكُوا اللَّهُ وَلاَ تُسْرَكُوا بِهِ شَيْئًا " . فَلَقَدْ رَأَيْتُ بَعْضَ أُولَاكُ النَّفُو لِيَسْقُطُ سَوْطُ أَحَدِهِمْ فَمَا يَسْأَلُ وَلاَ تُسْرَاكُولُ النَّاسَ شَيْئًا " . فَلَقَدْ رَأَيْتُ بَعْضَ أُولَاكُ النَّقُورِ يَسْقُطُ سَوْطُ أَحَدِهِمْ فَمَا يَسْأَلُ الْعَلْمَ لَا الْمَدِي لَا لَكُولُ النَّهُ وَلَاكُ النَّوْ الْمَالَى الْمُلْكُولُ اللّهُ وَلَا لُولُولُ اللّهُ اللّهُ

#### বাংলা

২২৭৪। আবদুল্লাহ ইবনু আবদুর রহমান দারিমী ও সালামা ইবনু শাবীব (রহঃ) ... আউফ ইবনু মালিক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নয় বা আট কিংবা সাতজন লোক রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট উপস্থিত ছিলাম। তিনি বললেন, তোমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বায়আত গ্রহণ করবে কি? অথচ আমরা কিছু দিন আগে তার হাতে বায়আত গ্রহণ করেছিলাম। তাই আমরা বললাম, হে আল্লাহর রাসুল! আমরা তো আপনার নিকট বায়আত গ্রহণ করেছি। তিনি আবার বললেন, তোমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট বায়আত গ্রহণ করবে কি? আমরা বললাম, ইয়া রাসুলাল্লাহ! আমরা তো বায়আত গ্রহণ করেছি। তিনি আবার বললেন, তোমরা রাসুলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট



বায়আত গ্রহণ করবে কি?

তখন আমরা আমাদের হাত প্রসারিত করে দিলাম এবং বললাম, ইয়া রাসুলাল্লাহ! আমরা তো আপনার নিকট বায়আত গ্রহণ করেছে। এখনি আবার কিসের উপর বায়আত গ্রহণ করবো? বললেন, (এ কথার উপর বায়আত গ্রহণ করবে যে,) তোমরা আল্লাহর ইবাদত করবে এবং তাঁর সঙ্গে অন্য কাউকে শরীক করবে না। পাঁচ ওয়াক্ত সালাত আদায় করবে। আল্লাহর আনুগত্য করবে। তারপর তিনি ফিসফিস করে একটি কথা বললেন, মানুষের নিকট কোন কিছু সাওয়াল করবে না। আমি দেখেছি, এই কাফিলার কারো পশুর পৃষ্ট থেকে চাবুক পড়ে যাওয়ার পর সে কাউকে তা তুলে দেয়ার জন্য অনুরোধ জানায়নি।

### **English**

Malik al-Ashja'i reported:

We, nine, eight or seven men, were in the company of the Messenger of Allah ( ) and he said: Why don't you pledge allegiance to the Messenger of Allah? -while we had recently pledged allegiance. So we said: Messenger of Allah, we have already pledged allegiance to you. He again said: Why don't you pledge allegiance to the Messenger of Allah? And we said: Messenger of Allah, we have already pledged allegiance to you. He again said: Why don't you pledge allegiance to the Messenger of Allah? We stretched our hands and said: Messenger of Allah. we have already pledged allegiance to you. Now tell (on what things) should we pledge allegiance to you. He said I (You must pledge allegiance) that you would worship Allah only and would not associate with Him anything, (and observe) five prayers, and obey- (and he said onething in an undertone) -that you would not beg people of anything. (And as a consequence of that) I saw that some of these people did not ask anyone to pick up the whip for them if it fell down.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আউফ ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন